

মুক্তি

একজন মানুষ মুক্তিফল আনতে গিয়েছিল,

সে বলেছিল, আমি ফিরে আসবো

প্রতীক্ষায় থেকে।

জানি না সে কোথায় গেছে

কোন হিম নিঃসঙ্গ অরণ্যে

বা কোন নীলিমাভুক পাহাড় চূড়ায়

জানি না তার সামনে কত দুস্তর বাধা

জানি না সে সংগ্রাম করেছে কোন

অসহনীর সঙ্গে।

সে মুক্তিফল আনবে বলেছিল

সে বলেছিল প্রতীক্ষায় থাকতে

আমি দ্বাদশ বৎসর থাকবো তার জন্ত পথ চেয়ে

তার পরেও সে না ফিরলে

আমাকে যেতে হবে...

আমিও না ফিরলে যাবে আমার সন্তান-সন্ততিরা।